

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ অধিশাখা  
www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জানুয়ারি, ২০২২ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২১-২২ অর্থবছরে ১২.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদানুযায়ী জানুয়ারি, ২০২২ মাসের লক্ষ্যমাত্রা পূরণের জন্য ন্যূনতম গড়ে প্রতিমাসে ১.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন ছিল। ইন্টারগ রিফাইনারী লিমিটেড (ERL) রক্ষণাবেক্ষণের জন্য ৪০ দিনের দ্বি-বার্ষিক শাট ডাউনে থাকার পর ERL-এর উৎপাদন পুনরায় শুরু করায় BPC কর্তৃক জানুয়ারি, ২০২২ মাসে ০.৯৯ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়।


২। কোভিড-১৯ বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে গত ০১/০৭/২০২১ তারিখ হতে দাপ্তরিক কার্যক্রম শুরুর পাশাপাশি যানবাহন চলাচলসহ দেশে শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম বর্তমানে স্বাভাবিক রয়েছে। সে পরিপ্রেক্ষিতে যাতায়াত, বিদ্যুৎ উৎপাদন, শিল্প ও বাণিজ্যিক খাতে জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিক থাকায় ইতোমধ্যে জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে।

৩। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই-জানুয়ারি, ২০২২ সময়ের অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপ:

| কার্যক্রম             | লক্ষ্যমাত্রা | অর্জন |       |            |         |         |          |           | সর্বমোট |
|-----------------------|--------------|-------|-------|------------|---------|---------|----------|-----------|---------|
|                       |              | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি |         |
| ক্রুড অয়েল<br>আমদানি | ১২.০০        | ১.৭৯  | ০.৯৯  | ১.৯৭       | ০.৯৮    | ০       | ০.৯৯     | ০.৯৯      | ৭.৭১    |

৪। মনিটরিং কমিটির সুপারিশ:

(ক) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।

  
০৬/০২/২০২২

(এস. এম. জুবায়ের হাসান)  
ব্যবস্থাপক (এমআইএস)  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

(মোঃ কবির উদ্দিন)  
সিস্টেম এনালিস্ট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

(এইচ. এম খালিদ ইফতেখার)  
উপসচিব (পরিকল্পনা-১)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

(ড. মহঃ শের আলী)  
যুগ্মসচিব (অপারেশন)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ